শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ


কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি

KUSHTIA P.B.S.

# কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি

বারখাদা, কুষ্টিয়া, পোষ্ট বক্স নং-২০।

ISO 9001:2015 CERTIFIED

ই-মেইল kuspbs@gmail.com
ওয়েব সাইট-www.pbs.kushtia.gov.bd


স্মারক নং-২৭.১২.৫০৭৯.৫১৯.০৭.০২২.২৩. ৮৪৯৫

তারিখঃ- ০৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ।
২৩ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ।

## "দরপত্র বিজ্ঞপ্তি"

১। কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির ২০২৩-২৪ অর্থ বৎসর এর তালিকাভুক্ত স্থায়ী পূর্ব যোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান এর নিকট হতে পবিস নির্দেশিকা ১০০-৪১ এর আওতায় ৩৩ কেভি, ১১ কেভি ও ০.৪৪০/০.২৪০ কেভি লাইন নির্মান, আপগ্রেডেশন, রক্ষনাবেক্ষন এবং অপসরণ/পুনঃস্থাপন কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবায়ন করা যাচ্ছে।

| ক্রমিক নং | দরপত্র দলিলের (প্যাকেজ) নম্বর | কাজের বিস্তারিত বিবরণ | প্রাক্কলিত মূল্য | আর্নেষ্ট মানির পরিমান (টাকা) | কার্যের মেয়াদকাল | দরপত্র দলিলের বিক্রয় মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১০০-৪১-২০২৩-২৪-০১০ (রক্ষনাবেক্ষন) | ৩৩ কেভি, ১১ কেভি ও ০.৪৪০/০.২৪০ কেভি লাইন নির্মান, আপগ্রেডেশন, রক্ষনাবেক্ষন এবং অপসরণ/পুনঃস্থাপন | ৫,০০,০০০/- | ১৫,০০০/- | ৬০ দিন | ৫০০/- টাকা |
| ০২ | ১০০-৪১-২০২৩-২৪-০১১ (রক্ষনাবেক্ষন) | ৩৩ কেভি, ১১ কেভি ও ০.৪৪০/০.২৪০ কেভি লাইন নির্মান, আপগ্রেডেশন, রক্ষনাবেক্ষন এবং অপসরণ/পুনঃস্থাপন | ৫,০০,০০০/- | ১৫,০০০/- | ৬০ দিন | ৫০০/- টাকা |

২। দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ শাখা থেকে ২৩/১০/২০২৩ খ্রিঃ হতে ০৬/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন নিজস্ব লেটারহেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ৫০০/- টাকা নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

৩। পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সমদরে অথবা সর্বোচ্চ ৫% নিম্ন দরে দাখিল করা যাবে।

৪। প্রতিটি দরপত্র দাখিলের সময় বর্ণিত আনেষ্টমানি কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক (বাপবিবোর্ড অথবা যে কোন পল্লী বিদ্যুৎ সমিতি কতৃক কালো তালিকাভ'ক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। প্রয়োজনীয় আনেষ্ট মানিছাড়া দরপত্র বৈধ বলে গ্রহযোগ্য হবে না।

৫। দরপত্র আগামী ০৭/১১/২০২৩ খ্রিঃ দুপুর ১১.০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসে রক্ষিত টেন্ডার বক্সে গ্রহন করা হবে এবং একই দিন দুপুর ১১.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগনের সম্মুখে দরপত্র উন্মুক্তকরন কমিটি কতৃক অত্র দপ্তরে খোলা হবে এবং একই দিন বিকাল ০২.০০ ঘটিকার সময় মূল্যায়ন কমিটি কতৃক মূল্যায়ন করা হবে।

৬। উদ্ধৃত দর সরকারী নিয়ম মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন করসহ উদ্ধিত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা হলে সেই দরপত্র গ্রহনযোগ্য হবে না।

৭। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহনকারী প্রতিষ্ঠানের বাপবিবোর্ডের প্রশিক্ষণপ্রাপ্ত পযাপ্ত সংখ্যক সুপারভাইজার ও লাইনম্যানসহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

৮। সর্বনিম্ন দরদতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ১ম, ২য় ও ৩য় দরদাতা নির্ধারন করবেন।

৯। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের (ক্লোজ-আউট সহ) পর প্রয়োজনীয় সকল দলিলাদিসহ বিল দাখিল করতে হবে। প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ কর হবে।

১০। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরন করা হবে না। নির্ধারিত তারিখ ও সমায়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

১১। শুধুমাত্র ২০২৩-২৪ অর্থ বছরের জন্য পূর্বযোগ্যতা নবায়নকৃত মিনি ঠিকাদারগন দরপত্রে অংশ গ্রহন করতে পারবেন।

১২। ২০২৩-২৪ অর্থ বছরে স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন করা না হলে কার্যাদেশ প্রদান করা হবে না। সর্বনিম্ন দরদাতা হলেও কার্যাদেশ প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৩। বৈদুতিক দুর্ঘটনায় ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষতিগ্রস্থ জনবলের ক্ষতিপূরন প্রদানের শর্তাবলীঃ

ক) বৈদুতিক দুর্ঘটনায় ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষতিগ্রস্থ সকল কর্মীর চিকিৎসা ও আনুষাঙ্গিক ব্যয় ঠিকাদারী প্রতিষ্ঠান কতৃক নির্বাহ করা ছাড়াও প্রত্যেক নিহত ব্যাক্তির জন্য ১০ (দশ) লক্ষ টাকা এবং প্রত্যেক পঙ্গু ব্যক্তির জন্য ০৫ (পাঁচ) লক্ষ টাকা ক্ষতিপূরন হিসেবে ঠিকাদারী প্রতিষ্ঠান কতৃক নির্বাহের বিষয়টি বিবেচ্য হবে।

খ) "ক্রমিক-ক" এ বর্নিত ক্ষতিপূরন প্রদানপূর্বক প্রমাণক দাখিলে ব্যর্থ হলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট চুক্তি/কার্যাদেশের বিল, রিটেনশন মানি, নিরাপত্তা জামানত ইত্যাদি হতে অর্থ কর্তনপূর্বক কিংবা নিগোশিয়েশনের মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে অর্থ আদায়পূর্বক ভুক্তভোগী / পরিবারকে ক্ষতিপূরন প্রদান করতে হবে। সংশ্লিষ্ট চুক্তি /কার্যাদেশের বিল, রিটেনশন মানি, নিরাপত্তা জামানত ইতিমধ্যে অবমুক্ত করা হয়ে থাকলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অন্যান্য চুক্তি/কার্যাদেশের বিল, রিটেনশন মানি, নিরাপত্তা জামানত ইত্যাদি হতে অর্থ কর্তনপূর্বক কিংবা নিগোশিয়েশনের মাধ্যমে অর্থ আদায়পূর্বক ক্ষতিপূরন প্রদান নিশ্চিত করতে হবে।

গ) "ক্রমিক-ক" এ বর্নিত দরপত্র দলিলে বীমার সংস্থান না থাকলে রিটেনশন মানি/ নিরাপত্তা জামানত হতে কর্তন কিংবা নিগোশিয়েশনের মাধ্যমে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে অর্থ আদায়পূর্বক বৈদ্যুতিক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত কর্মীর চিকিৎসা ব্যয় এবং কর্মী/পরিবারকে ক্ষতিপূরন প্রদানের শর্ত দরপত্র দলিলে অন্তর্ভুক্ত করাসহ দুর্ঘটনার অনধিক ০২ (দুই) মাসের মধ্যে ক্ষতিপূরণ প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। ক্ষতিপূরণের পরিমান নির্ধারিনের ক্ষেত্রে ক্রমিক-১ (ক) প্রযোজ্য হবে।

ঘ) পূর্বযোগ্যতাসম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান কতৃক বৈদ্যুতিক দর্ঘটনায় ক্ষতিগ্রস্ত কর্মীর ক্ষতিপূরন প্রদান প্রক্রিয়া অনিস্পন্ন থাকলে পূর্বযোগ্যতা নবায়ন স্থগিত থাকবে।

ঙ) বর্নিত নীতিমালা প্রতিপালনে কোনো ঠিকাদারী প্রতিষ্ঠান লিখিতভাবে অসম্মতি জানালে চুক্তি বাতিল/ক্লোজ করাসহ সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা বাতিল করতে হবে।

১৪। চলমান কার্যাদেশের মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহ এই দরপত্রে অংশ গ্রহন করতে পারবে না।

১৫। শুধুমাত্র ২০২৩-২৪ অর্থ বছরের জন্য ট্রেড লাইসেন্স নবায়নকৃত মিনি ঠিকাদারগন দরপত্রে অংশ গ্রহন করতে পারবেন এবং এবিসি (ঠিকাদারি ও সুপারভাইজারি) লাইসেন্স এর মেয়াদ দরপত্র মূল্যায়নের তারিখ হতে কমপক্ষে ৭৫ দিন থাকতে হবে।

১৬। কার্যাদেশের চুক্তি সম্পাদনের সময় মালিক এবং অনুমোদিত/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে অবশ্যই স্ব-শারীরে উপস্থিত থাকতে হবে।

১৭। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার কতৃপক্ষ সংরক্ষন করেন।

23/10/23

(এস.এম. নাসির উদ্দীন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর।
২। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুষ্টিয়া ।
৩। ডিজিএম-(কারিগরী/দৌলতপুর/কুমারখালী/মিরপুর/ভেড়ামারা/স্বস্তিপুর), কুষ্টিয়া পবিস।
৪। এজিএম (খোকসা/পোড়াদহ/প্রাগপুর/ওএন্ডএম (সদর)/ইএন্ডসি/অর্থ-হিসাব/প্রশাসন), কুষ্টিয়া পবিস।
৫। নোটিশ বোর্ড, সদর দপ্তর/জোনাল অফিস, কুষ্টিয়া পবিস।
৬। অফিস কপি/মাষ্টার কপি।

23.10.23
(শাহীনুর আক্তার)
এজিএম (ইএন্ডসি)